

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
ঝিনাইদহ।
www.ecs.gov.bd

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৪৪.০০৮.২১-৬০৫

তারিখঃ ২৪ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর, শৈলকুপা ও হরিণাকুন্ডু উপজেলার ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষে খসড়া ভোটকেন্দ্রের তালিকা সর্বসাধারণের জ্ঞাতার্থে নিম্নের সময়সূচি মোতাবেক প্রকাশ করা হলো। উক্ত খসড়া ভোটকেন্দ্রের উপর দাবী/আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করে চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত সময়সূচী নির্ধারণ করা হলোঃ

ক্রমিক নং	বিষয়	নির্ধারিত সময়সীমা
১.	খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ	২৪ অক্টোবর ২০২১
২.	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ	২৮ অক্টোবর ২০২১
৩.	দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত দরখাস্তসমূহের নিষ্পত্তির শেষ তারিখ	৩১ অক্টোবর ২০২১
৪.	দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	০১ নভেম্বর ২০২১
৫.	চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ	০২ নভেম্বর ২০২১

নিম্নবর্ণিত স্থানে উক্ত তালিকা আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবেঃ

- ১। জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ঝিনাইদহ।
- ২। উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর নোটিশ বোর্ড।

প্রকাশ থাকে যে, প্রকাশিত সম্ভাব্য ভোটকেন্দ্র সম্পর্কে কারও কোন দাবী/আপত্তি থাকলে তা আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে লিখিতভাবে দাখিল করা যাবে। উক্ত তারিখ ও সময়ের পরে এ সম্পর্কিত কোন দাবী/আপত্তি গ্রহণ করা হবে না।

সংযুক্তি: বর্ণনামোতাবেক খসড়া ভোটকেন্দ্রের তালিকা।

স্থানঃ ঝিনাইদহ

(মোহাঃ আঃ ছালেক)

জেলা নির্বাচন অফিসার
ঝিনাইদহ।

ফোনঃ ০২৪৭৭৭৪৬০৯০।

E-mail: deojhenaida@gmail.com

তারিখঃ ২৪ অক্টোবর ২০২১

নং- ১৭.০৫.৪৪০০.০০০.৪৪.০০৮.২১-৬০৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৭। চেয়ারম্যান, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু উপজেলা পরিষদ, ঝিনাইদহ।
- ৮। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু, ঝিনাইদহ (তাকে উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কার্যালয়ে ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শন ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু উপজেলা, ঝিনাইদহ (ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শন ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, ঝিনাইদহ প্রেস ক্লাব।

জেলা নির্বাচন অফিসার
ঝিনাইদহ।